




ঈশ্বরের সেবকদের অবশ্যই শুদ্ধ হতে হবে

কেন প্রতিটি উপায়ে অবশ্যই আমাদের শুদ্ধ হতে হবে? (১)

কী অর্থ বহন করে আধ্যাত্মিক শুদ্ধতা? (২)

নৈতিক শুদ্ধতা? (৩) মানসিক শুদ্ধতা? (৪) দৈহিক শুদ্ধতা? (৫)

কিধরনের অশুদ্ধ কথাবার্তা আমাদের এড়িয়ে চলা উচিত? (৬)



১. যিহোবা ঈশ্বর শুদ্ধ ও পবিত্র। তিনি আশা করেন তাঁর উপাসকেরা শুদ্ধ থাকবে—আধ্যাত্মিক-ভারে, নৈতিকভারে, মানসিকভারে এবং দৈহিকভারে। (১ পিতর ১:১৬) ঈশ্বরের দৃষ্টিতে শুদ্ধ থাকতে হলে প্রকৃত প্রচেষ্টার প্রয়োজন। আমরা এক অশুদ্ধ জগতে বাস করি। অন্যায় করার নিজেদের প্রবণতাগুলির বিরুদ্ধেও আমাদের এক যুদ্ধ করতে হচ্ছে। কিন্তু অবশ্যই আমরা হাল ছেড়ে দেব না।

২. **আধ্যাত্মিক শুদ্ধতা:** যদি আমরা যিহোবার পরিচর্যা করতে চাই, মিথ্যা ধর্মের কোনরকম শিক্ষা অথবা প্রথাগুলির সাথে আমরা জড়িত থাকতে পারি না। আমাদের অবশ্যই মিথ্যা ধর্ম থেকে বেরিয়ে

আসতে হবে এবং কোনভাবেই একে সমর্থন করা চলবে না। (২ করিন্থীয় ৬:১৪-১৮; প্রকাশিত বাক্য ১৮:৪) একবার যখন আমরা ঈশ্বর সম্বন্ধে সত্য শিখেছি, যারা মিথ্যা শিক্ষা দেয় সেই লোকেদের দ্বারা বিপথে চালিত হওয়া থেকে আমাদের অবশ্যই সতর্ক থাকতে হবে। —২ যোহন ১০, ১১।

৩. **নৈতিক শুদ্ধতা:** যিহোবা চান তাঁর উপাসকেরা সর্বদাই প্রকৃত খ্রীস্টীয়ের ন্যায় আচরণ করুক।

(১ পিতর ২:১২) আমরা যা কিছু করি তিনি দেখতে পান, এমনকি তা গোপনে করলেও। (ইব্রীয় ৪:১৩) যৌন অনৈতিকতা এবং এই জগতের অন্যান্য অশুদ্ধ অভ্যাসগুলিকে আমাদের এড়িয়ে চলা উচিত।
—১ করিন্থীয় ৬:৯-১১.

৪. *মানসিক শুদ্ধতা*: যদি আমরা আমাদের মনকে শুদ্ধ, পবিত্র চিন্তাধারা দিয়ে পূর্ণ করি, আমাদের আচরণও শুদ্ধ হবে। (ফিলিপীয় ৪:৮) কিন্তু যদি অশুদ্ধ বিষয়গুলির উপরে আমরা চিন্তা করতে থাকি, তার ফল হবে মন্দ কার্যসকল। (মথি ১৫:১৮-২০) আমাদের সেইসব আমোদপ্রমোদ এড়িয়ে চলা উচিত যা আমাদের মনকে নোংরা করতে পারে। ঈশ্বরের বাক্য অধ্যয়ন করার দ্বারা আমাদের মনকে আমরা শুদ্ধ চিন্তাধারায় পূর্ণ করতে পারি।

৫. *দৈহিক শুদ্ধতা*: যেহেতু তারা ঈশ্বরের প্রতিনিধিত্ব করে, খ্রীস্টীয়দের উচিত তাদের দেহ এবং বস্ত্রাদি পরিচ্ছন্ন রাখা। আমাদের উচিত শৌচাগার ব্যবহারের

পর হাত ধোওয়া এবং ভোজনের অথবা খাদ্যবস্তু ধরার পূর্বেও হাত ধোওয়া উচিত। যদি ময়লা নিষ্কাশনের উপযুক্ত ব্যবস্থা আপনার না থাকে, শৌচাগারের ময়লা-সমূহ মাটিতে পঁতে ফেলা উচিত। (দ্বিতীয় বিবরণ ২৩: ১২, ১৩) দৈহিকভাবে পরিচ্ছন্ন থাকা উত্তম স্বাস্থ্য রক্ষায় সাহায্য করে। একজন খ্রীস্টীয়ের গৃহ ভিতরে ও বাইরে উভয়েতেই পরিষ্কার এবং পরিচ্ছন্ন থাকা উচিত। বিশিষ্ট গৃহরূপে সমাজে এক উত্তম উদাহরণ স্থাপন করা উচিত এটির।

৬. *শুদ্ধ কথাবার্তা*: ঈশ্বরের সেবকেরা সর্বদা অবশ্যই সত্য কথা বলবে। মিথ্যাবাদীরা ঈশ্বরের রাজ্যে প্রবেশ করবে না। (ইফিষীয় ৪:২৫; প্রকাশিত বাক্য ২১:৮) খ্রীস্টীয়েরা অশ্লীল ভাষা ব্যবহার করে না। অভদ্র রসিকতা অথবা নোংরা গল্প তারা শোনে বা করে না। তাদের শুদ্ধ কথাবার্তার জন্যই, কর্মক্ষেত্রে বা বিদ্যালয়ে এবং পাড়া প্রতিবেশীর কাছে তারা পৃথকরূপে গণ্য হয়।
—ইফিষীয় ৪:২৯, ৩১; ৫:৩.

*ঈশ্বরের সেবকেরা অবশ্যই
সর্ব বিষয়ে শুদ্ধ হবে*

